উপজেলা পরিষদ কার্যালয়
কালকিনি, মাদারীপুর
**www.kalkini.madaripur.gov.bd**

মাদারীপুর জেলাধীন কালকিনি উপজেলা পরিষদের জানুয়ারী/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব উত্তম কুমার দাশ<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>কালকিনি, মাদারীপুর |
| সভার তারিখ | ঃ | ২৭/০১/২০২৫ খ্রি. |
| সময় | ঃ | সকাল: ১১:০০ টা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে সভায় স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। তারপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

আলোচ্য বিষয় -১। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>১। আবাদ পরিস্থিতি</u><br>খ) বোরো আবাদ অগ্রগতি ৫৮৫৫ হেক্টর।<br>**(হাইব্রিড ২৩৫৫ হেক্টও, উফশী ৩৪২৫ হেক্টর, স্থানীয় ৭৫ হেক্টর)**<br><u>২। কৃষক প্রশিক্ষণ:</u><br>বিভিন্ন প্রকল্পের আওতায় ২১০ জন কৃষক/কৃষানীকে বিভিন্ন প্রযুক্তি সম্পর্কে প্রশিক্ষন প্রদান করা হয়েছে।<br><u>৩। মধু উৎপাদন:</u><br>মধু সংগ্রহের লক্ষ্যে সরিষা ফসলে ১০৩০ টি মৌ বাক্স স্থাপন করা হয়েছে, যার মাধ্যমে এ পর্যন্ত ৫৭৫ কেজি মধু সংগ্রহ করা হয়েছে।<br><u>৪। বসতবাড়িতে পারিবারিক পুষ্টিবাগান:</u><br>অনাবাদিতে পতিত জমির সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে কালকিনি উপজেলায় ২১২ টি পারিবারিক পুষ্টিবাগান স্থাপন করা হয়েছে।<br><u>৫। ধানের নতুন জাত সম্প্রসারণ:</u><br>পার্টনার প্রকল্পের আওতায় ব্রি এর সহায়তায় এক একর আয়তনের ৪০টি উফশী নতুন জাতের বোরো প্রদর্শনী স্থাপন করা হয়েছে।<br><u>৬। কৃষি জমির মাটি কাটা:</u><br>কৃষি জমির টপ সয়েল বিভিন্ন ইট ভাটা/অন্যত্র মাহিন্দ্র ট্রলির মাধ্যমে নিয়ে যাওয়া হচ্ছে, যার ফলে জমির উর্বরতা শক্তি হ্রাস পাচ্ছে।<br><u>৭। বিবেচ্য মাসে উপজেলার সার পরিস্থিতি</u><br>ক) ইউরিয়া বরাদ্দ ৯৫০ মে.টন, মজুদ- ২১৫ (মে.টন)<br>খ) টিএসপি বরাদ্দ ৫৪ মে.টন, মজুদ- ২১ (মে.টন)<br>গ) ডিএপি বরাদ্দ ৫২০ মে.টন, মজুদ- ৭৪ (মে.টন)<br>ঘ) এমওপি বরাদ্দ ১৪০ মে.টন, মজুদ- ৩২ (মে.টন) | (১-৭) সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা কৃষি অফিসারকে বলা হয়। | উপজেলা কৃষি অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -২। উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>১। বিবেচ্য মাসে স্বাস্থ্য সেবার প্রতিবেদন:</u> রোগীর সংখ্যা বহিঃ বিভাগে ৭১০৫ জন, জরুরী বিভাগে-১৪২৪ জন, আন্তঃ বিভাগে -১৭৬৮ জন, ৪ টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে রোগীর সংখ্যা -২৫৪২ জন, ৩৫ টি কমিউনিটি ক্লিনিকের চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা -২৭৭৩১ জন, সর্বমোট চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা -৪০৫৭০ জন, শয্যা ব্যবহারের হার ১১৭.৮৭%, রোগীর গড় অবস্থান- ২.১৬ দিন, মৃত্যুর হার ০.১২%, সিজারিয়ান অপারেশন- ৯ জন, স্বাভাবিক প্রসব -১৯ জন, দুর্ঘটনায় আহত রোগীর সংখ্যা- ৮৯ জন, দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা -০ জন, স্বাভাবিক মৃত্যুর সংখ্যা ১ জন ও মাইনর সার্জারী -১০৩ জন ও এপ্রিল মাসে আক্রান্ত রোগীর সংখ্যা ৫০ জন। | সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০২

আলোচ্য বিষয় -৩। উপজেলা প্রকৌশল বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। উন্নয়ন প্রকল্পের বাস্তব অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদনঃ<br>ক. DDWISP (ঢাকা ডিভিশন) প্রকল্পাধীন রাস্তা উন্নয়ন- চলমান কাজের পরিমান- ৮.০০ কি:মি, সম্পাদনকৃত কাজের পরিমান- ১৩.৩০ কি: মি:, ভৌত অগ্রগতি- ৯৮% খ. DDWISP (ঢাকা ডিভিশন) প্রকল্পাধীন ব্রীজ নির্মান- চলমান কাজের পরিমান- ১টি, সম্পাদনকৃত কাজের পরিমান- ০৯টি, ভৌত অগ্রগতি-৯৫% গ. IRIDP-3 প্রকল্পাধীন ব্রীজ/বক্স কালভার্ট নির্মান- চলমান কাজের পরিমান- ৫ মি:, সম্পাদনকৃত কাজের পরিমান- ১৯ কি.মি, ভৌত অগ্রগতি- ৭০% ঘ. MSRDP প্রকল্পাধীন ব্রীজ/কালভার্ট নির্মান- চলমান কাজের পরিমান- ২২০ মিটার, সম্পাদনকৃত কাজের পরিমান-৬৫০ মিটার, ভৌত অগ্রগতি- ৯০% ঙ. MSRDP প্রকল্পাধীন রাস্তা নির্মান- চলমান কাজের পরিমান- ৪০ কি:মি:, সম্পাদনকৃত কাজের পরিমান- ৬৫ কি. মি, ভৌত অগ্রগতি- ৮০% চ. চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৪) প্রকল্প কাজ সম্পর্কিত আলোচনা- চলমান কাজের পরিমান- ১০টি, ভৌত অগ্রগতি ৮০%<br>২। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল সংক্রান্ত আলোচনা :<br>ক. সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, বিগত ২৮/১০/২০২৪ খ্রি. তারিখ অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে জরুরী ভিত্তিতে প্রকল্প বাস্তবায়নের জন্য পরিশিষ্ট "খ" তালিকা অনুমোদিত হয়। উক্ত তালিকার উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব) আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়িতব্য প্রকল্প অংশটি নিম্নোক্ত ভাবে সংশোধনের প্রস্তাব করেন-<br>ক. জজিরা ঘরামী বাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয় মেরামত করণ- ১৫০০০০.০০ টাকা এবং দক্ষিণ সাহেবরামপুর মুন্সি বাড়ী মসজিদস্থ পুকুরের গাইড ওয়াল নির্মান-১৫০০০০.০০ টাকা সর্বমোট- ৩০০০০০.০০ টাকা। প্রকল্পটি আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন।<br>গ. রমজানপুর ইউনিয়নের পাইক বাড়ীর (শওকত পাইক) এর বাড়ির পুকুরের ঘাটলা নির্মান- ২০০০০০.০০ টাকা প্রকল্পটি পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন। | ১(ক-জ)। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনাহয়।আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সকল উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে অধিকতর সতর্ক থাকার জন্য বলা হয়।<br>২।<br>২) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনাহয়।আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রস্তাবমতে প্রকল্প বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -৪। উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসের কার্যক্রমঃ ক. কৃত্রিম প্রজনন- ১১৬০ টি গাভীকে কৃত্তিম প্রজনন করা হয়েছে। খ. শংকর জাতের বাছুর উৎপাদন- চলতি মাসে ৪০৭ টি বাছুর উৎপাদিত হয়েছে। গ. গবাদি পশুর চিকিৎসা- চলতি মাসে ৩৩৬০ টি গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে। ঘ. হাঁস-মুরগীর চিকিৎসা- চলতি মাসে ২৩০০০ টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে।<br>ঙ. গবাদি পশুর টিকা প্রদান- চলতি মাসে ৪৬০০ টি গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে। চ. হাঁস-মুরগির টিকা প্রদান- চলতি মাসে ৪১৪০০ টি হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়েছে। | স্বাভাবিক নিয়মে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার |

আলোচ্য বিষয় -৫। সিনিয়র উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত আলোচনা:-<br>রাজস্ব খাতের আওতায় দেশিয় প্রজাতির মাছ, শামুক সংরক্ষণ, উন্নয়ন প্রকল্প ও ইলিশ সম্পদ উন্নয়ন এবং ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় বিভিন্ন কাজ চলমান আছে।<br>ক. অফিসে ও মাঠে ২৫ জন চাষীকে পরামর্শ দানসহ মোট ক্রমপুঞ্জিত ১৫০ জন সুফলভোগীকে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কালকিনি এর সেবার আওতায়/সান্নিদ্ধে আনা হয়।<br>খ. এছাড়াও কালকিনির আড়িয়াল খা নদে মা ইলিশ সংরক্ষণ কার্যক্রম বাস্তবায়নে ২ অভিযান ও ১টি মোবাইল কোর্ট এবং বিলে চায়না চাই ও কারেন্ট জালের ০৩টি মৎস্য সংরক্ষণ আইনী মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা হয়। | ১(ক-ঘ) স্বাভাবিক ভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০৩

| | | |
|---|---|---|
| ঘ. দেশিয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় ১০টি প্রাতিষ্ঠানিক/উন্মুক্ত জলাশয়ে পোনা অবমুক্ত করা হয়।<br>ঙ. এছাড়াও বিভিন্ন মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের এবং ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় দরিদ্র জেলেদের তালিকা হালনাগাদ কাজ চলমান রয়েছে। | | |

আলোচ্য বিষয় -৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। উপজেলা পরিষদ কাবিখা-কাবিটা: গ্রামীণ অবকাঠামো ১ম ও ২য় পর্যায়ে ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ পাওয়া গেছে।<br>২। উপজেলা পরিষদ ওয়ারী টিআর: গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ১ম ও ২য় পর্যায়ে ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ পাওয়া গেছে।<br>৩। বীর নিবাস নির্মান প্রকল্প: ০৯টি প্যাকেজে ৭৩টি বীর নিবাসের মধ্যে ৫৪টি বীর নিবাসের কাজ শেষ হয়েছে। অবশিষ্ট ১৯টি বীর নিবাসের মধ্যে ১৬টি বীর নিবাসের নির্মান কাজ চলমান।<br>৪। ব্রীজ/কালভার্ট নির্মান প্রকল্প: ২০২৩-২০২৪ অর্থ বছরে কার্যাদেশকৃত ০৯টি বক্স কালভার্ট এর নির্মান কাজ চলমান রয়েছে।<br>৫। গ্রামীন রাস্তা এইচবিবিকরণ প্রকল্প : ২০২৪-২০২৫ অর্থ বছরে ১.০০০ কিলোমিটার রাস্তার বরাদ্দ পাওয়া গিয়েছে। | সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো এবং নিয়মিত উন্নয়ন প্রকল্প তদারকির জন্য বলা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -৭। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা শিক্ষা অফিসার নিম্নোক্ত বিষয় সভায় আলোচনা করেন:-<br>১। সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ২/১২/২০২৪ খ্রি. তারিখ থেকে বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।<br>২। আগামী বছর থেকে ২ বছর মেয়াদী প্রাক প্রাথমিক শ্রেণি কার্যক্রম আরো ১১টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শুরু হবে।<br>৩। প্রথম থেকে তৃতীয় শ্রেণির ২০২৫ সালের নতুন পাঠ্য বই পাওয়া গিয়েছে নির্দেশনা অনুযায়ী সময়মত শিক্ষার্থীদের হাতে পৌছানে হবে।<br>৪। সকল বিদ্যালয়ে ২০২৫ সালের শিশু জরীপ কাজ শুরু করা হয়েছে।<br>৫। ১৫৪ নং সরকারী প্রাথমিক বিদ্যালয়ে জমি অবৈধ দখলদারকে বলার পরেও এখনও বিদ্যালয়ের জায়গা খালি করেনি। | সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো | উপজেলা শিক্ষা অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম সঠিকভাবে চলছে। এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম সঠিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | সরকার নির্ধারিত নিয়মে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

আলোচ্য বিষয় -৯। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসের তথ্য:<br>১। নিবন্ধিত সমিতি সংক্রান্ত আলোচনা: প্রাথমিক বিভাগীয় সমিতি ১৬৪ টি(সিআইজি মৎস্য-২০, কৃষি-২৮, প্রাণি সম্পদ-০৬), কেন্দ্রীয় সমিতির সংখ্যা ০১ টি (বিআরডিবি), প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ১৭১ টি ও সার্বিক গ্রাম উন্নয়ন সমিতির সংখ্যা ৩০ টি।<br>২। নিরিক্ষার জন্য বরাদ্দকৃত সমিতি সংক্রান্ত আলোচনা: প্রাথমিক বিভাগীয় সমিতি ৬২ টি, কেন্দ্রীয় সমিতি ০১ টি, বিআরডিবি প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা- ৩০ টি, বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির অডিট নিস্পত্তির সংখ্যা- ৪৯ টি ও কেন্দ্রীয় সমিতির অডিট নিস্পত্তির সংখ্যা সংখ্যা ০ টি ও বিআরডিবি প্রাথমিক সমবায় সমিতির অডিট নিস্পত্তির সংখ্যা - ০ টি।<br>৩। অডিট ফি সংক্রান্ত আলোচনা (অডিট বর্ষ ২০২২-২০২৩): ধার্য =৭৪৩২০/-, অত্র মাস পর্যন্ত আদায় = ৭৪৩২০/-, আদায় বাকী- ০ টাকা।<br>৪। সমবায় উন্নয়ন তহবিল সংক্রান্ত আলোচনা: ধার্য (অডিট বর্ষ) =১৭৫৯২০/-, আদায় =১৭৫৯২০/-, আদায় বাকী ০ | ১-৮: সভায় উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা সমবায় অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০৪

| | | |
|---|---|---|
| ৫। আশ্রয়ণ প্রকল্পের ঋণ সংক্রান্ত আলোচনা: বিতরণ =১৩৪৭০০০/-, আদায় = ১০৬৮৩৫১/-. আদায় বাকী = ২৭৮৬৪৯ /-<br>০৬। সমিতির নির্বাচন অনুষ্ঠান ১১ টি<br>০৭। লভ্যাংশ বিতরণকৃত সমিতির সংখ্যা- ২৩ টি, অত্র মাস পর্যন্ত বিতরণের পরিমান ২ টি।<br>০৮। সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ২৫ টি। | | |

আলোচ্য বিষয় -১০। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসে বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত আলোচনা:-<br>ক. উপজেলার মোট সক্ষম দম্পতি-৪১৮৮৯ জন, খ. মোট গ্রহণকারীর সংখ্যা-৩১৭১২ জন, গ. গ্রহণকারীর হার- ৭৫.৭০%, ঘ. গর্ভবতীর সংখ্যা-১৩১ জন, ঙ. গর্ভবতী মায়ের যত্ন- ৪৩৯ জন, চ.গর্ভোত্তর মায়ের যত্ন- ১১৩ জন, ছ. সাধারণ রোগীর সেবা- ২৭৩৬ জন, জ. কিশোর-কিশোরী সেবা-৩০৪৮ জন, ঞ. শিশু সেবা-৬৩৮ জন ও ট. পুষ্টি সেবা-২০১৫ জন | সরকারের নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনা, দরিদ্র গর্ভকালীন নারীদের সেবা প্রদান এবং শিশু স্বাস্থ্য সেবা প্রদানে পরিবার কল্যান সহকারীদের জোড়দার ভূমিকা পালনে কঠোর নির্দেশনা প্রদানের জন্য বলা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১১। পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। আলোচ্য মাসের বিদ্যুৎ সংক্রান্ত তথ্য: বিদ্যুৎ ক্রয় (কিঃওঃঘঃ) (গ্রীড মিটার = ৪৪৮০৩৩৯, বিদ্যুৎ বিক্রয় (কিঃওঃঘঃ) =৪১১৪০৫৭, সিস্টেম লস (গ্রীড মিটার) = ৮.১৮%, বিলকৃত টাকা =৩৩০০৩০৬৯.০০, আদায়কৃত টাকা =৪০৫৩০৩৩৭.০০, বকেয়া মাস (রিসেল, রিবেট, ও সি আই ব্যতিত) ০.৬৯, অভিযোগ সমাধান ১০৭ টি, নতুন মিটার স্থাপন ২৭০টি, মিটার পরিবর্তন = ১১৪ টি, মিটার পূণঃ সংযোগ ১২২ টি, সংযোগ বিচ্ছিন্নকরণ ১৩১ টি, রাইট অবওয়ে (কিঃমিঃ) ৪১০, মিটার রিপোর্ট তদন্ত ও ব্যবস্থা গ্রহণ ১১৬ টি, লাইন পরিদর্শন (কিঃমিঃ) ০ লাইন রক্ষণাবেক্ষণ-১৮১কিঃমিঃ, এলটি তার পরিবর্তনকরণ- ০, ইকুইপমেন্ট রেকর্ড কার্ড আপটুডেট -১১ টি, ইকুইপমেন্ট গ্রাউন্ডিং চেক/মেরামত-১২, ওভারলোড ট্রান্সফরমার পরিবর্তন ০৩ টি, বিনষ্ট/ভাঙ্গা/পঁচা/ঝুঁকিপূর্ণ পোল পরিবর্তন ০৩টি, ওয়ারিং পরিদর্শন ২৫৩ ও প্রাথমিক সমীক্ষা সম্পাদন ২৫৩ টি। | ১। সরকারের নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনা এবং গ্রাহকদের অভিযোগ সমাধানে অধিকতর তৎপর হওয়ার জন্য বলা হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার, মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি কালকিনি জোনাল অফিস |

আলোচ্য বিষয় -১২। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় গভীর নলকূপ স্থাপন: ২০২৩-২৪ অর্থ বছরে প্রতি ইউনিয়নে ২৬টি একক নলকূপের বরাদ্দ ছিল। সকল ইউনিয়নে স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। প্লাটফর্ম নির্মানের কাজ চলমান। ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতি ইউনিয়নে ১২টি একক নলকূপের বরাদ্দ আছে। ডিপিপি রুলস অনুযায়ী নির্ধারিত আবেদন ফর্মে উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুর মহোদয়ের সুপারিশক্রমে আবেদনপত্র গ্রহণ করা হচ্ছে। পরবর্তীতে তালিকা চূড়ান্ত করা হবে।<br>০২। এনএনজিপিএস প্রকল্প: প্রকল্পের আওতায় ০৫টি করে ২টি প্যাকেজ ওয়াস ব্লকের কার্যপত্র প্রদান করা হয়েছে। মাটি পরীক্ষার কাজ শেষ। শীঘ্রই কাজ শুরু করা হবে।<br>৩। পিইডিপি-৪ প্রকল্প সংক্রান্ত আলোচনা: নতুন ৪২টি ওয়াস ব্লক এর টেন্ডার হয়েছিল। যার মধ্যে ২২টি ওয়াশ-ব্লকের কাজ শেষ হয়েছে। ১৩টির ৬০% কাজ সম্পন্ন সহ কাজ চলমান। ৪টির মাটি পরীক্ষার কাজ শেষ হয়েছে এবং কাজ এখনও শুরু হয়নি। ৩টি সাইট জটিলতা রয়েছে।<br>৪। পিইডিপি-৪ প্রকল্পে টিএসপিঃ পিইডিপি প্রকল্পের আওতায় ৬৫টি বিদ্যালয়ে টিএসপি স্থাপন সম্পন্ন হয়েছে। ৬০টি হস্তান্তর হয়েছে।<br>৫। এনএনজিপিএস প্রকল্পে টিএসপিঃ পিইডিপি প্রকল্পের আওতায় ২৬ বিদ্যালয়ে টিএসপি স্থাপন সম্পন্ন হয়েছে। সকল বিদ্যালয়ে হস্তান্তর হয়েছে।<br>৬। জিপিএস প্রকল্প: প্রকল্পের আওতায় ০৫টি করে ২টি প্যাকেজ ওয়াস ব্লকের কার্যপত্র প্রদান করা হয়েছে। মাটি পরীক্ষার কাজ শেষ হয়েছে। ০১টির কাজ চলমান রয়েছে। | স্বাভাবিক নিয়মে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |

আলোচ্য বিষয় -১৩। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>বিবেচ্য মাসে উপজেলা পল্লী উন্নয়ন বিভাগে কার্যক্রমঃ</u> বিআরডিবি'র আওতাধীন কালকিনি উপজেলায় বাস্তবায়িত মোট প্রকল্প/কর্মসূচী ঃ ০৮ টি, সমিতি গঠন-১ টি, সদস্য ভর্তি-৪০ জন, শেয়ার জমা-০.৩৮ লক্ষ টাকা , সঞ্চয় জমা- ৪.৭০ লক্ষ টাকা, প্রনোদনা ঋণ বিতরণ-৫৯.০০ লক্ষ টাকা, ঋন বিতরণ ৯৫.৫০ লক্ষ টাকা, ঋন আদায়- ১১২.০০ লক্ষ টাকা, মেয়াদোত্তীর্ণ খেলাপী- ৬.০৪ লক্ষ টাকা, মোট বকেয়া- ০ লক্ষ টাকা , প্রশিক্ষণ-৪২০ জন, অপ্রধান শস্য (প্রদর্শনী খামার)-০ টি, পিআরডিপি-৩ প্রকল্পের ভিডিসি স্কীম বাস্তবায়ন- ০টি, বর্তমান পর্যন্ত মোট সমিতি- ৮২৭ টি, বর্তমান পর্যন্ত মোট সদস্য- ১৩৮৬১ জন। | সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনা এবং ঋন প্রদানে আরও সচেষ্ট হওয়ার জন্য বলা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় ১৪। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রমঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>বিবেচ্য মাসে উপজেলা মহিলা বিষয়ক বিভাগে কার্যক্রমঃ</u><br>ক. ডিসেম্বর/২০২৪ মাসের ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) খাদ্য বিতরণ করা হয়েছে। প্রত্যেক মাসে কার্ডধারীকে ৩০ কেজি হারে খাদ্য প্রদান করা হচ্ছে।<br>খ. মা ও শিশু কর্মসূচীর জানুয়ারী/২০২৪ মাস পর্যন্ত ইউনিয়ন ও পৌরসভা কমিটি কর্তৃক প্রেরিত তালিকা উপজেলা কমিটিতে চূড়ান্ত অনুমোদন দেয়া হয়েছে।<br>গ. কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম যথারীতি চলমান। পুষ্টিকর নাস্তা বিতরণ চলছে। ক্যারাতে প্রশিক্ষণ চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।<br>ঘ. সেলাই প্রশিক্ষণ কার্যক্রম চলমান। প্রতি তিন মাস অন্তর ৩০ জন প্রশিক্ষনার্থীকে আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডে ৩ মাস মেয়াদী প্রশিক্ষন করানো হচ্ছে। | স্বাভাবিক নিয়মে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১৫। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রমঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>বিবেচ্য মাসের বিভাগীয় কার্যক্রমঃ</u><br><u>১। সুদমুক্ত ঋণ সংক্রান্ত তথ্যঃ</u> উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগে ক্ষুদ্রঋণ খাতে (ক) আর এস এস বিনিয়োগঃ ১১৮৫২১৪৫.০০ আদায়ের হার-৭৪% পুনঃ বিনিয়োগঃ ১২৪৩১৩৪.০০, আদায়ের হার ৮১% (খ) পল্লী মাতৃকেন্দ্র খাতে বিনিয়োগঃ ২৩৪৯৪৮১.০০, আদায়ের হার-৬৯% পুনঃবিনিয়োগঃ ২১০০৯৫৫.০০, বিনিয়োগের আদায়ের হার ৮৫%। (গ) দগ্ধ ও অসচ্ছল প্রতিবন্ধী বিনিয়োগঃ ১৩৮১৭৭৭.০০, আদায়ের হার- ৬১% পুনঃবিনিয়োগঃ ৬৪০০০০.০০ আদায়ের হার ৬৩% (বকেয়া ঋণ আদায়ের ক্ষেত্রে তিনি সংশ্লিষ্ট সকলের নিকট সহযোগিতা কামনা করেন)।<br><u>২। সামাজিক নিরাপত্তা বেষ্টনি সংক্রান্ত তথ্যঃ</u> সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্ক ভাতা নিয়মিত-৯৫২১ জন, বিধবা বা স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ২৯৯২ জন, প্রতিবন্ধী ভাতা ৪৩৫৫ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ১১২ জন, অনগ্রসর জনগোষ্ঠির বয়স্ক ভাতা ৯৭ জন, শিক্ষা উপবৃত্তি ২৯ জন, বেঁদে ও হরিজন বিশেষ ভাতা ৩০ জন ও শিক্ষা উপবৃত্তি ২৪ জন।<br><u>৩। স্বেচ্ছাসেবী সংস্থা সংক্রান্ত আ</u>লোচনাঃ নিবন্ধিত সংস্থার সংখ্যা ৭১টি। ২০২৩-২৪ অর্থ বছরে জাতীয় সমাজকল্যান পরিষদ হতে বার্ষিক অনুদানের জন্য আবেদন গ্রহণ কার্যক্রম চলমান।<br><u>৪। বে-সরকারী এতিমখানা সংক্রান্ত আ</u>লোচনাঃ কালকিনি ও ডাসার উপজেলায় ১০টি বে-সরকারী এতিমখানা রয়েছে। ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত মোট এতিম সংখ্যা ২২১ জন। ২০২৩-২০২৪ অর্থ বছরে ক্যাপিটেশন গ্রান্টের ২য় কিস্তি ২৬৫২০০০.০০ (ছাব্বিশ লক্ষ বায়ান্ন হাজার) টাকার চেক বরাদ্দ পাওয়া গিয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতিটি এতিমখানা পরিদর্শন করে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><u>০৫। জটিল রোগের আর্থিক সাহায্য :-</u> ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক অনুদান এককালীন জনপ্রতি ৫০০০০.০০ টাকা ১০ জন রোগীকে ইএফটি এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে। | স্বাভাবিকভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচলনার জন্য বলা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১৬। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। যুব প্রশিক্ষণ (রাজস্ব): ২০২৪-২০২৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা- ১৪ ব্যাচ ৪২০ জন, অর্থ বছরের অর্জন- ৬ ব্যাচ ১৮০ জন, হার ৪৫%, জনসচেতনতা বিষয়ে প্রশিক্ষণ- ০০ ও ক্রমপুঞ্জিত অগ্রগতি -৮৬৪৫ জন<br>২। যুব ঋণ বিতরণ ও আদায় (আত্মকর্ম): ২০২৩-২০২৪ অর্থ বছরের বিতরণ লক্ষ্যমাত্রা- ২৩৮০০০০.০০, চলতি মাসে ঋণ বিতরণ ১২০০০০০, চলতি বছরের অর্জন ৩২২০০০০.০০, হার ১৩৫%, ঋণ আদায়ের হার গত মাস- ১০০%, ক্রমপুঞ্জিত- ৯৯.০০% ও ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫৯৭১৬০০০.০০ টাকা।<br>৩। পরিবার ভিত্তিক কর্মসূচীর ঋণ বিতরণ ও আদায়: ২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা- ৪৮০০০০.০০, অর্থ বছরের অর্জন-০, হার ০% ঋণ আদায়ের হার- ১০০%, ক্রমপুঞ্জিত- ৯৯.৭৬% ও ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৪০৭১৭১৮৯.০০<br>৪। যুব ঋণ বিতরণ ও আদায় (জোড়দারকরণ): ২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা- ০, অর্থ বছরের অর্জন- ০ , হার ০% ঋণ আদায়ের হার- ১০০%, ক্রমপুঞ্জিত- ১০০% ও ক্রমপুঞ্জিত অগ্রগতি ৬,২৪,০০০/- | ১-৪: সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন করার জন্য বলা হয় এবং পরবর্তী সভায় প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য দাখিলের জন্য বলা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১৮। উপজেলা বন বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ফরেষ্টার, উপজেলা বন বিভাগ জানান যে, বন বিভাগের অফিসে যাওয়ার জন্য কোন রাস্তা না থাকায় অফিসে চলাচলে সমস্যার সৃষ্টি হচ্ছে। জরুরী ভিত্তিতে বন বিভাগের রাস্তা নির্মানের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের অর্থায়নে পরবর্তী বাজেটে রাস্তা নির্মানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেষ্টার, বন বিভাগ<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় - ১৯। উপজেলা আইসিটি বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসে আইসিটি বিভাগের কার্যক্রমঃ সভায় তার দাপ্তরিক কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন-<br>ক. আইসিটি ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান সংখ্যা- ৩২ টি। খ. স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠান সংখ্যা ১টি। গ. ডিসেম্বর মাসে ওয়েব পোর্টালসহ অন্যান্য কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে ৫ টি দপ্তর। ঘ. ২৮টি প্রতিষ্ঠানে আইসিটি ল্যাবে আইপি ক্যামেরা স্থাপন করা হয়েছে। ঙ. কালকিনি সরকারী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ে রোবটিক্স ল্যাব স্থাপন করা হয়েছে। যেখানে ভি আর, রোবট, ড্রোন, আর্টিফিশিয়াল ইন্টিলিজেন্স ডিভাইস, থ্রিডি প্রিন্টার ইত্যাদি ডিভাইসসমূহ স্থাপন করা হচ্ছে। চ. কালকিনি উপজেলায় ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারী প্রতিষ্ঠানে উচ্চগতির ব্রডব্যান্ড ইন্টারনেট কানেকশন প্রদান করা হবে ৩২০ টি প্রতিষ্ঠানে। ছ. উপজেলা আইসিটি সেন্টার স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা পরিষদ ভবনের উর্ধমুখী সম্পসারণের মাধ্যমে ৫ম তলায় এটি স্থাপন হবে। | সভায় উপজেলা আইসিটি বিভাগের কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সরকারী সকল দপ্তরের সেবা সহজীকরনের লক্ষ্যে ওয়েব পোর্টাল হালনাগাদের জন্য বলা হয়। | উপজেলা আইসিটি অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় - ২০। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় অনুপস্থিত এবং কার্যপত্র দাখিল করেননি। | নিয়মিত সভায় উপস্থিত থাকা এবং কার্যপত্র দাখিলের জন্য বলা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় - ২১। উপজেলা পরিসংখ্যান বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| অর্থনৈতিক শুমারী ২০২৩ প্রকল্পের মূল শুমারীর কার্যক্রম চলমান। কালকিনি উপজেলায় পিএসইউ তে প্রতিমাসে জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বহিঃগমনের তথ্য সংগ্রহ করা হয়। গণমাধ্যম বিষয়ে জাতীয় জনমত জরিপ, স্থানীয় সরকার সংস্কার বিষয়ে জাতীয় জনমত জরিপ-২০২৫ কার্যক্রম চলমান। দাগগুচ্ছ জরিপ ও মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ। | স্বাভাবিকভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচলনার জন্য বলা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০৭

আলোচ্য বিষয় -২২। উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। দাপ্তরিক কার্যক্রম সংক্রান্ত আলোচনা: আলোচ্য মাসে সদস্য ভর্তি ২১ জন, মোট সদস্য স্থিতি ৩১৮০ জন, মাসে ঋণ বিতরণ ২৯.২০ লক্ষ টাকা, মোট ঋণ বিতরণ ১২৫.২১ লক্ষ টাকা, মাসে ঋণ আদায় ৩৩.৫৯ লক্ষ টাকা, মোট ঋণ আদায় ১৬৬.১৩ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার ৯৮%, খেলাপী ঋণের পরিমাণ ৫৩.৯৯ লক্ষ টাকা, মাসে নীট সঞ্চয় আদায় ১.৩১, এ পর্যন্ত মোট সঞ্চয় স্থিতি ২৭০.৫৬ লক্ষ টাকা। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে খেলাপী ঋণের তালিকা প্রস্তুত করে সার্টিফিকেট মামলা দায়ের করার জন্য বলা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |

আলোচ্য বিষয় -২৩। কৃষি উন্নয়ন কর্পোরেশন কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় অনুপস্থিত এবং কার্যপত্রও দাখিল করেননি। | নিয়মিত কার্যপত্র দাখিল ও সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়। | উচ্চতর-উপ-সহকারী প্রকৌশলী(সেচ) |

২৪। রাজস্ব তহবিল এর বিভিন্ন ব্যয় অনুমোদন সংক্রান্ত আলোচনা:

| | | |
|---|---|---|
| ১। ব্যয়োত্তর অনুমোদন সংক্রান্ত আলোচনা ঃ সভায় জরুরী ভিত্তিতে নিম্নলিখিত ব্যয় সমূহের অনুমোদন করার উপস্থাপন করা হয়:- ক। মালী এর জানুয়ারী/২০২৫ মাসের দৈনিক মজুরী =১৭০৫০.০০ টাকা। খ। পরিচ্ছন্নতা কর্মীর জানুয়ারী/২০২৫ মাসের দৈনিক মজুরী =১৭০৫০.০০ গ। জানুয়ারী/২০২৫ মাসের ইন্টারনেট বিল =৪০০০.০০ টাকা। ঘ। জানুয়ারী/২০২৫ মাসের আনুষঙ্গিক বিল =৫০০০.০০ টাকা ঙ। জানুয়ারী/২০২৫ মাসের বিভিন্ন সভার আপ্যায়ন বিল =৩০০০০.০০ ছ। উপজেলা পরিষদের আয়োজনে সরকার কর্তৃক ঘোষিত তারুন্যের উৎসব-২০২৫ যথাযোগ্য মর্যাদায় উৎযাপনের বিভিন্ন ব্যয় বিল সর্বমোট-১৬৪৬৬০.০০ টাকা। | ১(ক-ঝ) উল্লিখিত বিল সমূহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে উক্ত বিল সমূহ অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার কালকিনি, মাদারীপুর। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০১/২০২৫

(উত্তম কুমার দাশ)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
কালকিনি, মাদারীপুর

স্মারকনং: ৪৬.৪১.৫৪৪০.০০০.০০.০৩১.২০২৪- ০৭

তারিখ: ১৪ মাঘ, ১৪৩১
২৭ জানুয়ারী, ২০২৫

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
০২। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মাদারীপুর।
০৫। প্রশাসক, কালকিনি পৌরসভা।
০৬। উপজেলা ........................................ অফিসার, কালকিনি, মাদারীপুর।
০৭। চেয়ারম্যান ...............................ইউনিয়ন পরিষদ(সকল) কালকিনি,মাদারীপুর।
০৮। জনাব.......................................................................

২৭/০১/২০২৫

(উত্তম কুমার দাশ)
উপজেলা নির্বাহী অফিসার
কালকিনি, মাদারীপুর